গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১৯.২৬-৯১৪ তারিখ: ১৫ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুলাই, ২০২৬ খ্রি.

বিষয়: **মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণের বেতন ভাতা EFT এর মাধ্যমে প্রদানের লক্ষ্যে অনলাইনে তথ্য সংশোধন/হালনাগাদ ও সংরক্ষণ সংক্রান্ত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ১৯/০৭/২০২৬ তারিখের ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১৯.২৬.১৭০ নং পত্রের বিষয়ে স্পষ্টিকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর গত ১৯/০৭/২০২৬ তারিখে একটি পত্র জারি করে শিক্ষক-কর্মচারীগণের তথ্যাদি **সংযুক্ত ছক অনুযায়ী পূরণপূর্বক স্বাক্ষর করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা ও সফটকপি নিজে দায়িত্বে সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করে।** উক্ত পত্রের কতিপয় বিষয় স্পষ্টিকরণ করা হলো-

১. ১ম এমপিওভুক্তির তারিখ বলতে বর্তমান ইনডেক্সে ১ম এমপিওভুক্তির তারিখ বুঝাবে।
২. নাম সংশোধনের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং এসএসসি/দাখিল/সমমান পরীক্ষার ইংরেজি সনদে নামের বানান অবশ্যই একই হতে হবে।
৩. মোবাইল নম্বর অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দ্বারা নিবন্ধিত হতে হবে।
৪. জাতীয় পরিচয়পত্র নম্বর ১০ বা ১৭ ডিজিটের লিখতে হবে। যাদের জাতীয় পরিচয়পত্র ১৩ ডিজিটের তাদের নম্বরের পূর্বে জন্মসাল যোগ করে ১৭ ডিজিট পূরণ করতে হবে।
৫. ইংরেজিতে চাহিত তথ্য অবশ্যই ইংরেজিতে এবং বাংলায় চাহিত তথ্য অবশ্যই বাংলা ভাষায় লিখতে হবে।
৬. ব্যাংক একাউন্ট নম্বর অবশ্যই ডিজিটাল ব্যাংক একাউন্ট নম্বর হতে হবে।
৭. এনটিআরসিএ এর মাধ্যমে সুপারিশপ্রাপ্ত হয়ে যারা ০১/০২/২০২৬ তারিখে বা তারপর যোগদান করেছেন তাদের জন্য যোগদানের **তারিখই ১ম এমপিও** তারিখ।

সংযুক্তি:-ফরম

৩০/৭/২০২৬

মুহাম্মদ মোজাম্মেল হোসেন খান
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অধ্যক্ষ/সুপার
এমপিওভুক্ত সকল বেসরকারি মাদ্রাসা।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
১। অতিরিক্ত-সচিব (সকল),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। জেলা শিক্ষা অফিসার (সকল)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [তাঁর অধিক্ষেত্রে কার্যক্রমটি মনিটরিং এর অনুরোধসহ]।
৬। পরিদর্শক(সকল), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর [তাঁর অধিক্ষেত্রে কার্যক্রমটি মনিটরিং এর অনুরোধসহ]।
৭। সহকারী প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

Shot on OnePlus
Ramjan Ahmed | August 2, 2026 at 10:56 AM
CamScanner

মাদ্রাসার নাম (ইংরেজি):
মাদ্রাসার নাম (বাংলা) :
মাদ্রাসার EIIN (ইংরেজি):
মাদ্রাসার অধ্যক্ষ/সুপার মোবাইল নং(ইংরেজিতে) :

**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীনস্ত এমপিওভুক্ত জনবলের বেতন ভাতা EFT এর মাধ্যমে প্রেরণের জন্য শিক্ষক/কর্মচারীর প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ফরম (প্রত্যেকের জন্য পৃথক- পৃথক ফরম পূরণ করতে হবে)**

| ক্রম: | বিবরণ | |
|---|---|---|
| ১ | ইনডেক্স নং (ইংরেজিতে) : (এমপিও শিট অনুসারে Prefix-সহ) | |
| ২ | ( সকল তথ্য জাতীয় পরিচয়পত্র অনুসারে দিতে হবে ) | |
| | আবেদনকারীর নাম-ইংরেজিতে : | |
| | আবেদনকারীর নাম-বাংলায়: | |
| | পিতার নাম- ইংরেজিতে: | |
| | পিতার নাম- বাংলায়: | |
| | মাতার নাম-ইংরেজিতে: | |
| | মাতার নাম- বাংলায়: | |
| ৩ | জন্মতারিখ (ইংরেজিতে): DD/MM/YYYY<br>এমপিও কপি ও জাতীয় পরিচয়পত্র জন্মতারিখ<br>একই হতে হবে ) | |
| ৪ | জাতীয় পরিচয়পত্র নম্বর (ইরেজিতে):<br>( ১০ ডিজিট/ ১৭ ডিজিট)<br>(বিঃ দ্রঃ জাতীয় পরিচয়পত্র ১৩ ডিজিটের হলে জন্ম সালের ৪ ডিজিট পূর্বে সংযোজন পূর্বক ১৭ ডিজিট করতে হবে) | |
| ৫ | মোবাইল নম্বর: (ইংরেজিতে)<br>(নিজ জাতীয় পরিচয়পত্র দ্বারা নিবন্ধিত) | |
| ৬ | বর্তমান পদবী (ইংরেজিতে) : | |
| ৭ | বিষয় ( প্রযোজ্য না হলে "Null" লিখিতে হবে) (ইরেজিতে) : | |
| ৮ | বেতন কোড: (ইংরেজিতে) : | |
| ৯ | বর্তমান ইনডেক্স অনুসারে যোগদানের তারিখ: (ইংরেজিতে) :<br>(DD/MM/YYYY) | |
| ১০ | i.বর্তমান ইনডেক্সে ১ম এমপিও'র তারিখ- (ইংরেজিতে) :<br>(DD/MM/YYYY)<br>ii.বর্তমান পদে এমপিও'র তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে)- (ইংরেজিতে) :<br>(DD/MM/YYYY) | |
| ১১ | **ব্যাংকের তথ্যাদি (ইংরেজিতে):**<br>(ক) ব্যাংকের নাম:(বর্তমানে যে ব্যাংক হতে এমপিও উত্তোলন করা হয় ) | |
| | (খ) শাখার নাম: (যে শাখায় প্রতিষ্ঠানের বেতন হয়) | |
| | (গ) ব্যাংক হিসাবের নাম- (ইংরেজিতে) : (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) | |
| | (ঘ) ডিজিটাল ব্যাংক একাউন্ট নম্বর (ইংরেজিতে) : | |
| | (ঙ) শাখার রাউটিং নম্বর (ইংরেজিতে) : | |

এই মর্মে প্রত্যয়ন করছি যে, উক্ত তথ্য আবেদনকারী কর্তৃক পূরণকৃত এবং তথ্য সঠিক আছে।

আবেদনকারীর স্বাক্ষর

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

**সংযুক্তি- (i) NID এর ফটোকপি, প্রথম ও সর্বশেষ এমপিও ফটোকপি, ব্যাংক চেক বইয়ের প্রথম পাতার (কাভার পেজ)/চেকের যেকোনো পাতার ফটোকপি**

Shot on OnePlus
Ramjan Ahmed | August 2, 2026 at 10:57 AM
CamScanner